

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৭১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي قَبْلَ الْعَصْرِ أَرْبَعَ رَكَعَاتٍ يَفْصِلُ بَيْنَهُنَّ بِالتَّسْلِيمِ عَلَى الْمَلَائِكَةِ الْمُقَرَّبِينَ وَمَنْ تَبِعَهُمْ مِنَ الْمُسْلِمِينَ وَالْمُومنِينَ . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

১১৭১-[১৩] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম 'আসরের সালাতের (ফরযের) পূর্বে চার রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। এ চার রাক্'আতের মধ্যখানে সালাম ফিরানোর দ্বারা নিকটবর্তী মালাক (ফেরেশতা) এবং তাদের অনুসারী মুসলিম ও মু'মিনীনদের মাঝে পার্থক্য করতেন। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান : আত্ তিরমিযী ৪২৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: পূর্বের হাদীসের ন্যায় এ হাদীস দ্বারাও প্রমাণিত হয় যে, 'আসরের পূর্বে চার রাক্'আত সালাত আদায় করা মুস্তাহাব। পরবর্তী হাদীস যাতে বলা হয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আসরের পূর্বে দুই রাক্'আত সালাত আদায় করতেন এবং অত্র হাদীসদ্বয়ের মধ্যে কোন বিরোধ নেই। কেননা উভয় হাদীস দ্বারা উদ্দেশ্য যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো চার রাক্'আত সালাত আদায় করতেন, আবার কখনো দুই রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন।

(يَفْصِلُ بَيْنَهُنَّ بِالتَّسْلِيمِ) অর্থাৎ প্রথম দুই রাক্'আত এবং শেষের দুই রাক্'আতের মাঝে সালাম দ্বারা পার্থক্য বা ব্যবধান সৃষ্টি করতেন। এখানে সালাম দ্বারা তাশাহুদ পাঠ উদ্দেশ্য। সালাম ফেরানো উদ্দেশ্য নয়। ইমাম তিরমিযী বলেন, ইসহাক ইবনু রাহ্ওয়াইহি এ অভিমত ব্যক্ত করেছেন। ইমাম বাগাভী বলেন, অত্র হাদীসে তাসলীম দ্বারা



তাশাহুদ উদ্দেশ্য। তবে কারো কারো মতে তাসলীম দ্বারা সালাম ফেরানো। এটা তাদের অভিমত যারা বলেন যে, রাতের ও দিনের সালাত দুই দুই রাক্'আত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন